



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৭২২

তারিখ : ১১/১০/২০১৭ খ্রিঃ

বিষয় : সড়ক পথে ৪০৫০ মেগটন আমদানীকৃত আতপ চালের চলাচল সূচি।

- সূত্র : ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২১/০৯/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৬৭৬(১) স্মারক।
২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর ০৮/১০/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.১৭.০০০০.০০৬.৫০.০০৫.১৫-১৯৫৮ নং স্মারক।
৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১০/১০/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.০৪.০০০০.০০৪.৪০.০০১.১১-৫০৯৫ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ ১নং স্মারকে খুলনাস্থ ৪নং/৭নং/মহেশ্বরপাশা ঘাটের মাধ্যমে নাটোর এলএসডিতে-১৩৫০ মেগটন, ঈশ্বরদী এলএসডিতে-১৩৫০ মেগটন এবং জয়পুরহাট এলএসডিতে-১৩৫০ মেগটন সহ মোট ৪০৫০ আতপ চালের রেল পথে চলাচল সূচি জারি করা হয়। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা এর সূত্রস্থ ২নং স্মারকে রেল ঠিকাদারের সূচীকৃত চাল বোঝাই কার্যক্রম না করায় রেল পথের আতপ চালের চলাচল সূচি স্থগিত করা হলো। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী সূত্রস্থ ৩নং স্মারকে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য অপরপৃষ্ঠায় বর্ণিত প্রস্তাবের প্রেক্ষিতে সড়ক পথে ৪০৫০ মেগটন আতপ চালের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

পরিবহণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলী পালনীয় :-

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা প্রেরক হিসেবে কার্য সম্পাদন করবেন।
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন।
- ৩। কীট আক্রান্ত এবং নিম্নমানের কোন আতপচাল প্রেরণ করা যাবেনা এবং অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকে সূচি বর্হিভূত কোন কেন্দ্রে খাদ্যশস্য প্রেরণ করা যাবে না।
- ৪। প্রতি ট্রাক এ প্রেরিত আতপ চালের বিশ্লেষণ বিবরণীসহ নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে।
- ৫। মাত্রাতিরিক্ত পরিবহণ ঘটতির মূল্য আদায়ের ব্যবস্থা করতে হবে এবং ইনভয়েসের ফেরত কপি প্রেরকের নিকট যথাসময় পাঠাতে হবে।
- ৬। প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা খাদ্যশস্য প্রেরণ, প্রাপ্তি ও ভি-ইনভয়েস মনিটরিং করবেন এবং সপ্তাহ শেষে অত্র দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ৭। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্তি মনিটরিং করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। কোন কেন্দ্রে থেকে বিনির্দেশ বর্হিভূত/নিম্নমানের আতপ চাল প্রেরণ করা হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গৃহীত হবে।
- ৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্রে থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স মারফতে অধিদপ্তরকে প্রেরণ করতে হবে।
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন।
- ১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ১১। এই সূচির মেয়াদ আগামী ২২/১০/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করার জন্য আখানি/চসনিদের অনুরোধ করা হলো।

প্রাপক : চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য),
খুলনা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭-৭২২(১)/৩০

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, সববি/হিসাব ও অর্থ/সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, পরিবহণ, বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
- ৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা/রাজশাহী।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক,.....।
- ৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা,..... এলএসডি।
- ৯। মেসার্স পারুল কন্সট্রাকশন, রেল পরিবহণ ঠিকাদার।

স্বাক্ষর


(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ১১/১০/২০১৭ খ্রিঃ


উপ-পরিচালক (সপরিস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ।

১৩.১০.১৭

